গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(জেলা আইসিটি কেন্দ্র)
www.madaripur.gov.bd

জেলা ইনোভেশন টিম এর জুন/২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: খালেদ মোহাম্মদ জাকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর।

সভার স্থান: অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর অফিস কক্ষ, মাদারীপুর।

তারিখ: ২২ জুন, ২০১৬

সময়: সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সদস্যবৃন্দ:-
১. জনাব তানজিলা কবির ত্রপা, সহকারী কমিশনার (আইসিটি) ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
২. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৩. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৪. জনাব মো: শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৫. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এছাড়াও নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উদ্যোগ গৃহীত হয়।

- **১ নং আলোচ্য বিষয়:**
  ইনোভেশন সামিটে জেলার উন্নয়ন কর্মকান্ড নিয়ে ভিডিও উপস্থাপন

  - আলোচনা: আগামী ২৭-২৯ জুলাই, ২০১৬ তারিখে অনুষ্ঠিতব্য জেলা প্রশাসক সম্মেলনের দ্বিতীয় ও তৃতীয় দিন এ ইনোভেশন সামিট পর্বে ডিজিটাল বাংলাদেশের সামগ্রিক চিত্র হিসেবে জেলাভিত্তিক উন্নয়ন কর্মকান্ডের উপর ভিডিও চিত্র (১৫ মিনিট ও ৫ মিনিট) উপস্থাপনের জন্য আগামী ৩০ জুন, ২০১৬ তারিখের মধ্যে ভিডিও চিত্র প্রেরণের জন্য একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম হতে নির্দেশনা দেয়া হয়েছে এবং এ বিষয়ে করণীয় সম্পর্কে আলোচনা করা হয়।

  - সিদ্ধান্ত: মাদারীপুর জেলায় বাস্তবায়িত ও গৃহীত উন্নয়ন কর্মকান্ড ও উদ্ভাবনী উদ্যোগসমূহের ভিডিও চিত্র তৈরি করার বিষয়ে জেলা ও উপজেলা ইনোভেশন টিম একত্রে দায়িত্ব পালন করবে এবং জেলার বিভিন্ন ঐতিহাসিক স্থান, উন্নয়নের ডিজিটাল কর্মকান্ডের ভিডিও ফুটেজ সংগ্রহ করবে।

- **২ নং আলোচ্য বিষয়:**

  প্রণয়নকৃত বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি

  - আলোচনা: গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রণয়নকৃত উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০১৬ অনুযায়ী জেলা ইনোভেশন টিম জেলা প্রশাসকের কার্যালয়ের ০৩ টি গুরুত্বপূর্ণ সেবা (যেমন: ১. রেকর্ডরুম হতে পর্চার বিতরণ পদ্ধতি সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা, যাতে সেবা প্রত্যাশিরা ভোগান্তি ছাড়াই যেকোন স্থান হতে বা নিজ নিজ ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে অনলাইনেই পর্চার আবেদন করতে পারে এবং অনলাইনেই পর্চার সরবরাহ পেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পর্চা বিতরণ সম্পূর্ণ অনলাইন ভিত্তিক করার ক্ষেত্রে সফটওয়ার ডেভেলভ করা দরকার বলে সভায় অভিমত প্রদান করা হয়। উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. বাহক নির্ভর পত্র বিনিময় পরিবর্তন করে ই-মেইল এর মাধ্যমে পত্র যোগাযোগ নিশ্চিত করার জন্য এ কার্যালয়ে কর্মরত সহকারী প্রোগ্রামার কর্তৃক শাখাভিত্তিক ই-ফাইলিং ও ই-মেইল ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণের চালু রয়েছে এবং ই-মেইল এ পত্র যোগাযোগের হার অনেকাংশে বৃদ্ধি পেয়েছে ৩.শাখাভিত্তিক কর্মরত কর্মচারীর

প্রদানকৃত সেবার বিবরণ উপস্থাপনের জন্য ডেস্কভিত্তিক সিটিজেন চার্টার স্থাপনের জন্য খসড়া সিটিজেন চার্টার প্রস্তুত হয়েছে। অচিরেই চুড়ান্ত প্রকাশনা করা হবে।

❖ সিদ্ধান্তঃ বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসেবে গৃহীত ও চিহ্নিত তিনটি সেবা প্রদানের বিষয়টি নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন করতে হবে।

➢ **৩ নং আলোচ্য বিষয়:**

সরকারি দপ্তরে নিয়মিত ই-মেইল ব্যবহার নিশ্চিতকরণ।

◈ আলোচনাঃ সরকারি পর্যায়ে দপ্তরসমূহের মধ্যে অনলাইনের মাধ্যমে আন্তঃযোগাযোগ শতভাগ নিশ্চিতকরণের নিমিত্ত সকল সরকারি দপ্তরে ই-মেইল এর মাধ্যমে নিয়মিত পত্র বিনিময়কে অগ্রাধিকার দেয়া হয় এবং জেলা উন্নয়ন ও সমন্বয় সভায় অংশগ্রহণকারী দপ্তর প্রধানের গ্রুপ মেইল তৈরি করে উন্নয়ন ও সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ই-মেইল এ প্রেরণ শতভাগ নিশ্চিত করার বিষয়ে গৃহীত সিদ্ধান্তের আলোকে জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর প্রধানকে ই-মেইল ব্যবহার বাধ্যতামূলককরণ ও শতভাগ নিশ্চিত করার জন্য জেলা ইনোভেশন টিম সকল সরকারি দপ্তর প্রধানের সাথে যোগাযোগ করা হয়েছে।

❖ সিদ্ধান্তঃ প্রতিমাসেই ই-মেইল যোগাযোগের বিষয়টি জেলা ইনোভেশন টিম তদারকি করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

➢ ৪. বিবিধ আলোচ্য বিষয়

মাসিক জেলা ইনোভেশন সভায় সকলের উপস্থিতি ও আন্তরিক উপস্থাপনার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানান এবং সেই সাথে বর্তমান সরকারের রুপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে জনসাধারণকে প্রদত্ত সেবাকে কিভাবে অধিকতর সহজ ও দ্রুততার সাথে সরবরাহ করা যায় এ বিষয়ে জনকল্যাণমূলক সেবাদান পদ্ধতি উদ্ভাবনের উদ্যোগের আহবান জানান এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/৬/১৬

(খালেদ মোহাম্মদ জাকী)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর
ফোনঃ +৮৮০৬৬১-৬২৬২৭
adcgmadaripur@gmail.com

স্মারক নং-০৫.৪১.৫৪০০.১২২.০২.০০৫.১৫-৯৭ তারিখঃ ২৯ জুন, ২০১৬

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃআঃ- সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।
২. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা (দৃঃআঃ- সহকারী কমিশনার (উন্নয়ন)।
৩. উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর সদর/কালকিনি/রাজৈর/শিবচর।
৪. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৫. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৬. জনাব মোঃ শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৭. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৮. গোপনীয় সহকারী । জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য

২৯/৬/১৬

(তানজিলা কবির ত্রপা)
সহকারী কমিশনার (আইসিটি)
ফোনঃ +৮৮০৬৬১-৬১৫৮৫
মোবাইলঃ +৮৮০১৯১২৬২৯১২৪
ictcellmadaripur@gmail.com